## প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৯১টি প্রতিষ্ঠানকে ৪.৬৭ লক্ষ টাকা জরিমানা

**২৮ আগস্ট ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ২৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, ময়মনসিংহ, মুন্সীগঞ্জ, টাঙ্গাইল, রাজবাড়ী, গোপালগঞ্জ, চট্টগ্রাম, মেহেরপুর, ঝিনাইদহ, ফেনী, ব্রাহ্মণবাড়ীয়া, কক্সবাজার, পাবনা, পঞ্চগড়, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, সাতক্ষীরা, মাগুরা, মৌলভীবাজার ও সুনামগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর হাজারীবাগ এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আফতাব রেস্টুরেন্ট এন্ড কাবাব ও মুসলিম সুইটসকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং ওজনে কারচুপির অপরাধে বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডারকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর পশ্চিম কাফরুল এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে মুসলিম সুইটসকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা ও মিরপুর থানা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মুসলিম সুইটসকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৬০,০০০/- (ষাট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার)** টাকা, মুন্সীগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে মুন্সীগঞ্জের লৌহজং উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শরীফুল ইসলামের নেতৃত্বে টাঙ্গাইল সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **২২,০০০/- (বাইশ হাজার)** টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: নাজমুল হাসানের নেতৃত্বে রাজবাড়ীর পাংশা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকাসহ মোট **১,০৩,০০০/- (এক লক্ষ তিন হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রামের পাহাড়তলী থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার)** টাকা, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সেলিমুজ্জামানের নেতৃত্বে মেহেরপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল চাকমার নেতৃত্বে ফেনী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৩১,০০০/- (একত্রিশ হাজার)** টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার নাসিরনগর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সুলতান মাহমুদ মিলনের নেতৃত্বে কক্সবাজার সদর উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ. এস. এম. মাসুম-উদ-দৌলার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: হেলাল উদ্দীনের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশালের এয়ারপোর্ট থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের বিমানবন্দর থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ মহিউদ্দীন মিরাজের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১২,৫০০/- (বার হাজার পাঁচশত)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর কলাপাড়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে মাগুরা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের সাল্লা উপজেলায় **৮টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকাসহ মোট **২,৩৮,০০০/- (দুই লক্ষ আটত্রিশ হাজার)** টাকা অস্বাস্থ্যকর

পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চায়না হল, আলভি ফুড, মাইনর সেভেন, দাওয়াত-ই-দরবার ও ফুড প্লেস কাব এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে **৪,০০০/- (চার হাজার)** টাকা, **৪,০০০/- (চার হাজার)** টাকা, **৩,০০০/- (তিন হাজার)** টাকা, **৩,০০০/- (তিন হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **২৪,০০০/- (চব্বিশ হাজার)** জরিমানা আরোপ ও আদায় এবং **৫** জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Sky View Lourge কে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১** জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মো: হাসান-আল-মারুফ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে বেলি ফুল অভিজাত মিষ্টি বিপনীকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **২৪টি** বাজার তদারকির ও **৯টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৯১টি** প্রতিষ্ঠানকে মোট **৪,৬৭,০০০/- (চার লক্ষ সাতষট্টি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৯ জন** অভিযোগকারীকে মং **১০,২৫০/- (দশ হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী ২৪ আগস্ট ২০১৭ তারিখে বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়া কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে হোটেল গ্রান্ড পার্ককে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, ময়মনসিংহ, মুন্সীগঞ্জ, টাঙ্গাইল, রাজবাড়ী, গোপালগঞ্জ, চট্টগ্রাম, মেহেরপুর, ঝিনাইদহ, ফেনী, ব্রাহ্মণবাড়ীয়া, কক্সবাজার, পাবনা, পঞ্চগড়, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, সাতক্ষীরা, মাগুরা, মৌলভীবাজার ও সুনামগঞ্জ।
৭। পুলিশ সুপার, ঢাকা, ময়মনসিংহ, মুন্সীগঞ্জ, টাঙ্গাইল, রাজবাড়ী, গোপালগঞ্জ, চট্টগ্রাম, মেহেরপুর, ঝিনাইদহ, ফেনী, ব্রাহ্মণবাড়ীয়া, কক্সবাজার, পাবনা, পঞ্চগড়, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, সাতক্ষীরা, মাগুরা, মৌলভীবাজার ও সুনামগঞ্জ।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।